ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের কার্যালয়
ঢাকা ক্যান্টনমেন্ট
ঢাকা
=====

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০৭-০১-৯৯ইং তারিখের সভার কার্যবিবরণী ।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ড সভা ০৭-০১-৯৯ইং তারিখ বেলা ১০-০০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কর্ণেল মোহসিন আহমদ চৌধুরী, পিএসসি প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা ক্যান্টনমেন্ট। সভায় সদস্যবৃন্দের উপস্হিতি ছিল নিম্নরূপ ঃ-

১। ব্রিগেডিয়ার আহমেদ আলী
এস ই এম ও
ও
অধিনায়ক
সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস । - সদস্য - অনুপস্হিত

২। ক্যাপ্টেন শহীদুজ্জামান খান(জি)(সিডি) পিএসসি
অধিনায়ক
বি এন এস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস । - সদস্য - উপস্হিত

৩। উইং কমান্ডার এস এম কলিম উল্লাহ
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমান বাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস । - সদস্য - উপস্হিত

৪। লেঃ কর্ণেল হামিদ-আল-হাসান
সি এম ই এস (আর্মি)
ঢাকা সেনানিবাস । - সদস্য - উপস্হিত

৫। জনাব মোঃ আজিজ খাঁন
১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা
ঢাকা সেনানিবাস। - সদস্য - অনুপস্হিত

৬। লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ
৩৪৬, জোয়ারসাহারা ডিওএইচএস
ঢাকা সেনানিবাস । - সদস্য - উপস্হিত

৭। জনাব মোঃ জহিরুল হক
সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা । - সদস্য - অনুপস্হিত

৮। জনাব শফিক আলম মেহেদী
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট । - সেক্রেটারী- উপস্হিত

উপরোল্লিখিত বোর্ড সদস্যগণ ব্যতীত নিম্নোক্ত কর্মকর্তা বোর্ড সভায় উপস্হিত ছিলেন ঃ-

(১) মেজর মোঃ আবদুর রশিদ আকন্দ
এস এইচ ও
ঢাকা সেনানিবাস ।

উপস্হিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

প্রস্তাব নং-১ঃ বিগত ২১-১২-৯৮ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন ।

গৃহীত সিদ্ধান্তঃ বিগত ২১-১২-৯৮ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে অনুমোদন করা গেল ।

প্রস্তাব নং-২ঃ নভেম্বর'৯৮ইং মাসের স্বাস্হ্য প্রতিবেদন অবহিত হওয়া ।

গৃহীত সিদ্ধান্তঃ নভেম্বর'৯৮ইং মাসের স্বাস্হ্য প্রতিবেদন অবহিত হওয়া গেল ।

২য় পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-৩ঃ বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা তারিখ ২৬-১১-৯৮ইং এর মাধ্যমে ঢাকা সেনানিবাস ইমারত নির্মাণ উপ-আইন ১৯৯৪ খসড়া সংশোধনপূর্বক জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার এয়ার ফানেলের আওতাভুক্ত প্লটসমূহে ৬০ ফুট উচ্চতার স্থলে ৫০ ফুট উচ্চতায় বাড়ী নির্মাণের খসড়া প্রজ্ঞাপন জারী করা হইয়াছে। সর্বোচ্চ উচ্চতা ৬০ ফুট করার ব্যাপারে খসড়া প্রজ্ঞাপনের প্রয়োজনীয় সংশোধনকল্পে মেজর জেনারেল জিয়া উদ্দিন আহমেদ এবং আরো কয়েকজন কর্মকর্তা অত্র দপ্তরে আবেদন জানাইয়াছেন। উক্ত বিষয়ের উপর আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রসমূহ সভায় উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে মেজর জেনারেল জিয়া উদ্দিন আহমেদসহ আরো কয়েকজন কর্মকর্তার আবেদনে প্রার্থীত এয়ার ফানেলের আওতাভুক্ত প্লটসমূহে ৫০ ফুটের স্থলে ৬০ ফুট উচ্চতায় ইমারত নির্মাণের অনুমতি প্রদানের বিষয়টি পুনঃবিবেচনার জন্য সিভিল এভিয়েশন কর্তৃপক্ষের নিকট সুপারিশসহ পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে এয়ার ফানেলের বহির্ভূত ডি ও এইচ এস এলাকার অন্যান্য প্লটে ৬০ ফুট উচ্চতা বিশিষ্ট ভবন নির্মাণের নকশা অনুমোদনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হউক ।

প্রস্তাব নং-৪ঃ জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকার ৪৯১ নং প্লটে মার্কিংয়ের ব্যাপারে লেঃ কর্ণেল মোঃ আবদুল গফুর, পিএসসি এবং লেঃ কর্ণেল মোঃ মাসুদুল হক খান এর আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। আবেদনপত্রগুলি সভায় উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকার ৪৯১ ও ৪৯১/এ নং প্লট বরাদ্দলাভকারী যথাক্রমে লেঃ কর্ণেল মোঃ মাসুদুল হক খান ও লেঃ কর্ণেল মোঃ আবদুল গফুর পিএসসি এর গত ১৭-১২-৯৮ইং ও ৩০-১২-৯৮ইং তারিখের আবেদনপত্রদ্বয় বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার অনুমোদিত নকশা অনুযায়ী ৪৮৯, ৪৮৯/এ, ৪৮৯/বি, ৪৯১, ৪৯১/এ নং প্লটসমূহ রাস্তার সহিত ৯০(নব্বই) ডিগ্রী না থাকাতে প্ল্যান অনুযায়ী বাড়ী নির্মাণ করা সম্ভব হয় না। উক্ত পরিস্থিতির নিরসনকল্পে উল্লিখিত প্লটসমূহের সম্মুখের ৩০'-০" চওড়া রাস্তা রাখিয়া উক্ত প্লটগুলি প্রস্তাবিত রাস্তার সীমানা সংলগ্ন হইতে ৪০'X৯০' ফুট আকারে নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হইল। উল্লেখ্য যে, প্লটগুলির পিছনে ডিওএইচএস এর সীমানা দেওয়াল ও প্লটের মধ্যবর্তী জায়গা ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে থাকিবে। চূড়ান্ত অনুমোদনের জন্য ইহার নকশাসহ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত প্রকল্পের সর্বনিম্ন দর অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| ক) | ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন স্থানে 'স্বাধীনতা চত্বর' নির্মাণ ও চত্বরের পার্শ্ববর্তী স্থানসমূহের উন্নয়নমূলক কাজ । | ক) ৭৯,৪৯,৮৭১·০০টাকা<br>খ) ৫,৬৬,১৪০·০০ "<br>মোট= ৮৫,১৬,০১১·০০টাকা<br>(পঁচাশি লক্ষ ষোল হাজার এগার)টাকা মাত্র । | রেজা কনষ্ট্রাকশন লিঃ | ক) ৭·৪৯%(সাত দশমিক উনপঞ্চাশ) উর্ধ্বে।<br>=৮৫,৪৫,৩১৬·৩৩<br>খ) ৬,৯৭,৮৮৮·০০<br>মোট = ৯২,৪৩,২০৪·৩৩<br>(বিরানব্বই লক্ষ তেতাল্লিশ হাজার দুইশত চার টাকা তেত্রিশ পয়সা)টাকা মাত্র । |

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত প্রকল্পের সর্বনিম্ন দর অনুমোদনের জন্য সভায় উপস্থাপন
করা হয়। সভায় বোর্ডের কারিগরী সদস্য সি এম ই এস (আর্মি) সভাকে অবহিত করেন যে,
দরটি সি এম ই এস (আর্মি) অফিস কর্তৃক ভেটিং করা হইয়াছে এবং রেজা কনষ্ট্রাকশন লিঃ
কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন ৭.৪৯%(সাত দশমিক উনপঞ্চাশ)উর্ধ্ব হারে এবং নন-সিডিউল আইটেমের
জন্য প্রদত্ত ৬,৯৭,৮৮৮/-(ছয় লক্ষ সাতানব্বই হাজার আটশত আটাশি) টাকাসহ সর্বমোট
৯২,৪৩,২০৪.৩৩(বিরানব্বই লক্ষ তেতাল্লিশ হাজার দুইশত চার টাকা তেত্রিশ পয়সা)টাকার
দর অনুমোদন করা যাইতে পারে। বিস্তারিত আলোচনান্তে রেজা কনষ্ট্রাকশন লিঃ কর্তৃক ৭.৪৯%
(সাত দশমিক উনপঞ্চাশ) উর্ধ্ব হারে এবং নন-সিডিউল আইটেমের জন্য প্রদত্ত ৬,৯৭,৮৮৮/-
(ছয় লক্ষ সাতানব্বই হাজার আটশত আটাশি)টাকাসহ সর্বমোট ৯২,৪৩,২০৪.৩৩(বিরানব্বই
লক্ষ তেতাল্লিশ হাজার দুইশত চার টাকা তেত্রিশ পয়সা)টাকার দরপত্র সর্বসম্মতিক্রমে অনুমোদন
করা হইল। সংশ্লিষ্ট ঠিকাদারকে কার্যাদেশ প্রদানের সিদ্ধান্তও গৃহীত হইল।

প্রস্তাব নং-৬ঃ বাড়ীসহ প্লট, প্লটে নির্মিত ফ্ল্যাট হস্তান্তর ও বড় আকারের প্লট বিভাজনপূর্বক ন্যূনতম ৪০০ বর্গগজ
জমি হস্তান্তর সংক্রান্ত নীতিমালা সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ন্যায় ঢাকা ক্যান্টনমেন্ট
বোর্ড কর্তৃক ইজারা প্রদত্ত ('সি' শ্রেণীর) প্লটের ক্ষেত্রে অনুসরণ করার ব্যাপারে আলোচনা ও
সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৬-০৯-৯৮ইং তারিখের
৫/এমএলএন্ডসি/রুল/৯২৫-৪/৩১ নং পত্র এবং তৎসঙ্গে প্রাপ্ত কাগজপত্রসহ গত ২১-১২-৯৮
ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ৬ নং সিদ্ধান্ত মোতাবেক (বোর্ড সদস্য লেঃ কর্ণেল (অবঃ)
মোঃ সামসুদ্দিন আহমেদ কর্তৃক) প্রণীত খসড়া নীতিমালা উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পত্রের সঙ্গে প্রাপ্ত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত
নীতিমালা এবং বোর্ড কর্তৃক ইজারা প্রদত্ত প্লটের মূল ইজারা দলিলসহ বোর্ড সদস্য লেঃ
কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ কর্তৃক পেশকৃত খসড়া নীতিমালা সভায় বিস্তারিত
আলোচনা করা হয়। আলোচনান্তে বোর্ড কর্তৃক ইজারা প্রদত্ত প্লটের জন্য প্রণীত খসড়া নীতিমালা
সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে
অবহিত করা হউক ।

প্রস্তাব নং-৭ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ১৬/এইচ নং বাড়ীর মালিক তাহার কন্যা বেগম স্বপ্না ভূঁইয়া
ও বেগম বীনা ভূঁইয়ার নামে হলফনামামূলে উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ী(সমান অংশে)
দান করিয়াছেন। উহার প্রেক্ষিতে উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি কন্যাদ্বয়ের নামে নামজারী
করার নিমিত্তে তাহাদের ১০-১২-৯৮ইং তারিখের আবেদনের উপর সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে
প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র এবং আইন উপদেষ্টার মতামত পেশ করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ১৬/এইচ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক মরহুম
এম এস ভূঁইয়া তাহার জীবদ্দশায় বাড়ীটি তাহার কন্যা বেগম স্বপ্না ভূঁইয়া ও বেগম বীনা
ভূঁইয়ার নামে দান করিয়া যাওয়ার প্রেক্ষিতে কন্যাদ্বয়ের আবেদন ও তৎসংগে প্রদত্ত হলফনামা
প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র এবং অত্র বোর্ডের আইন উপদেষ্টার মতামতসহ
সকল কাগজপত্রের উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে প্রস্তাবিত প্লট ও প্লটে
নির্মিত বাড়ীটি উক্ত কন্যাদ্বয়ের নামে যৌথভাবে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-৮ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে একটি দোকান বরাদ্দের নিমিত্তে যোদ্ধাহত পঙ্গু মুক্তিযোদ্ধা জনাব
এম মনছুর আলী পিতা-মোঃ বাছের আলী, ১৪/বি, রোড নং-৩, বাড়ী নং-৯, মিরপুর, ঢাকা
গত ২৪-১২-৯৮ইং তারিখে একখানা আবেদনপত্র পেশ করেন। উক্ত আবেদনের উপর আলোচনা
ও সিদ্ধান্ত গ্রহণ ।

৪র্থ পৃঃদ্রঃ

গৃহীত সিদ্ধান্তঃ উপস্হাপিত আবেদনের উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে বিশেষ বিবেচ যোদ্ধাহত পঙ্গু মুক্তিযোদ্ধা জনাব এম মনসুর আলীর নামে 'ডি/৮১' নং (হোটেল) দোকা পশ্চিম পার্শ্বে ৯'X২০' জায়গা দোকানের জন্য সম্পূর্ণ অস্হায়ীভাবে ০১(এক) বৎসরের জন্য বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইল যাহা বোর্ড সভার সিদ্ধান্তক্রমে পরবর্তীতে নবায়নযোগ

প্রস্তাব নং-৯ঃ বিবিধ।

(ক) মহাখালী ডিওএইচএস এলাকায় লেকের দক্ষিণ পাড়ে লেইন নং-১২ হইতে ১৮ পর্যন্ত ফুটপাথ নির্মাণকরণের সর্বনিম্ন দরদাতা মেসার্স দি ইউনিক ইন্জিনিয়ারিং ওয়ার্কস কর্তৃক দাখিলকৃত ৫% উর্ধ্ব দর অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(খ) বনানী ডি ও এইচ এস এলাকার মসজিদ হইতে উত্তর দিকে রেল লাইন বরাবর প্লট নং-১০৮ এর উত্তর প্রান্ত পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৮-০৭-৯৮ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৬২-২/শা-৮/১৬ নং পত্র উপস্হাপন করা হইল।

(গ) রজনীগন্ধা সুপার মার্কেটের খালি জায়গায় অস্হায়ী দোকান বরাদ্দের নিমিত্তে জনাব এ এইচ এস শাহজাহান এর ৩০-১২-৯৮ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ (ক) বিষয়টির উপর বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে উক্ত প্রকল্পের জন্য দাখিলকৃত সর্বনিম্ন ৫% উর্ধ্ব দর অনুমোদিত হইল।

(খ) বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে বনানী ডিওএইচএস এলাকার মসজিদ হইতে প্লট নং-১০৮ এর উত্তর প্রান্ত পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণে ১১,১৬,৫০০/-(এগার লক্ষ ষোল হাজার পাঁচশত)টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। মূল্যানুমানটি অনুমোদনসহ প্রয়োজনীয় বিশেষ অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে পুনরায় অনুরোধ করা হউক।

(গ) জনাব এ এইচ এস শাহজাহানের ৩০-১২-৯৮ইং তারিখের আবেদনের উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। যোদ্ধাহত পঙ্গু মুক্তিযোদ্ধা জনাব এম মনসুর আলীর জন্য বরাদ্দকৃত জায়গার পশ্চিম পার্শ্বে ৯'X২০' জায়গা সম্পূর্ণ অস্হায়ী ভিত্তিতে ০১(এক) বৎসরের জন্য জনাব এ এইচ এস শাহজাহানের নামে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইল। যাহা বোর্ড সভার সিদ্ধান্তক্রমে পরবর্তীতে নবায়নযোগ্য।

অদ্যকার সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষিত হইল।

৭/১/৯৯
(শফিক আলম মেহেদী)
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

৭/১/৯৯
(কর্ণেল মোহসিন আহমদ চৌধুরী, পিএসসি)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

৭/১/৯৯